# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১২৫৮

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৮. রুকূ অবস্থায় দুই হাঁটুর মাঝখানে হাত রাখা রহিত হয়েছে এবং তা উভয় হাঁটুতে রাখার নির্দেশ দেয়া হয়েছে

بَابُ ذِكْرِ نَسْخِ التَّطْبِيقِ ، وَالْأَمْرِ بِالْأَخْذِ بِالرُّكَبِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَحْمَدَ الدَّقَّاقُ ، ثَنَا عِيسَى بْنُ عَبْدِ اللَّهِ الطَّيَالِسِيُّ رَغَاثٌ ، ثَنَا يَزِيدُ بْنُ عُمَرَ بْنِ جَنْزَةَ الْمَدَائِنِيُّ ، ثَنَا الرَّبِيعُ بْنُ بَدْرٍ ، عَنْ أَيُّوبَ السَّخْتِيَانِيِّ ، عَنِ الْأَعْرَجِ ، عَنْ أَبِي هُرَيْرَةَ ، قَالَ : صَلَّى لَنَا رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ثُمَّ أَقْبَلَ عَلَيْنَا بِوَجْهِهِ ، فَقَالَ : " أَتَقْرَءُونَ خَلْفَ الْإِمَامِ ؟ " . فَقُلْنَا : إِنَّ فِينَا مَنْ يَقْرَأُ . قَالَ : " فَبِفَاتِحَةِ الْكِتَابِ " . الرَّبِيعُ بْنُ بَدْرٍ ضَعِيفٌ ، كَذَا رَوَاهُ الرَّبِيعُ بْنُ بَدْرٍ ، وَخَالَفَهُ سَلَّامٌ أَبُو الْمُنْذِرِ ، رَوَاهُ عَنْ أَيُّوبَ ، عَنْ أَبِي قِلَابَةَ ، عَنْ أَبِي هُرَيْرَةَ ؛ وَلَا يَثْبُتُ . وَخَالَفَهُمَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَمْرٍو الرَّقِّيُّ ، وَرَوَاهُ عَنْ أَيُّوبَ ، عَنْ أَبِي قِلَابَةَ ، عَنْ أَنَسٍ ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ، وَرَوَاهُ ابْنُ عُلَيَّةَ وَغَيْرُهُ ، عَنْ أَيُّوبَ ، عَنْ أَبِي قِلَابَةَ مُرْسَلًا ، وَرَوَاهُ خَالِدٌ الْحَذَّاءُ ، عَنْ أَبِي قِلَابَةَ ، عَنْ مُحَمَّدِ بْنِ أَبِي عَائِشَةَ ، عَنْ رَجُلٍ مِنْ أَصْحَابِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّم

বাংলা

১২৫৮(৭). উসমান ইবনে আহমাদ আদ-দাক্কাক (রহঃ) ... আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নামায পড়ালেন, অতঃপর আমাদের দিকে মুখ করে বললেনঃ তোমরা কি ইমামের পিছনে কিরাআত পাঠ করো? আমরা বললাম, নিশ্চয়ই আমাদের মধ্যে কেউ কেউ কিরাআত পাঠ করে। তিনি বলেন, তাহলে সূরা আল-ফাতিহা পড়বে।

আর-রবী’ ইবনে বদর হাদীসশাস্ত্রে দুর্বল। এই হাদীস আর-রবী ইবনে বদর এভাবে বর্ণনা করেছেন। সাল্লাম আবুল মুনযির তার বিপরীত করেছেন। তিনি এই হাদীস আইউব-আবু কিলাবা-আবু হুরায়রা (রাঃ) সূত্রে বর্ণনা করেন এবং তা প্রমাণিত নয়। উবায়দুল্লাহ ইবনে আমর আর-রাক্কী (রহঃ) তাদের উভয়ের সাথে ইখতিলাফ

করেন। তিনি এই হাদীস আইউব-আবু কিলাবা-আনাস (রাঃ)-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে বর্ণনা করেছেন। ইবনে উলায়্যা প্রমুখ এই হাদীস আইউব-আবু কিলাবা (রহঃ) সূত্রে মুরসালরূপে বর্ণনা করেছেন। এই হাদীস খালিদ আল-হায্যা (রহঃ) আবু কিলাবা-মুহাম্মাদ ইবনে আবু আয়েশা-রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর একজন সাহাবী-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে বর্ণনা করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81047

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন